শোক দিবসের প্রস্তুতিমূলক সভায় উপস্থিত না থাকায় পাঁচটি মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। এসব মাদ্রাসার এমপিও স্থগিত ও স্বীকৃতি বাতিল হতে পারে বলে অধিদপ্তরের এক বিজ্ঞপ্তি থেকে জানা গেছে।

জানা গেছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে গত রবিবার (৩১ জুলাই) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণের জন্য সব মাদ্রাসার অধ্যক্ষ/সুপারদের পত্র প্রেরণ করা হয় এবং মোবাইলেও অবহিত করা হয়। তারপরও পাঁচটি মাদ্রাসার অধ্যক্ষ/সুপার কিংবা মাদ্রাসার কোনো প্রতিনিধি সভায় উপস্থিত হননি; এমনকি অনুপস্থিতির বিষয়ে অধিদপ্তরকে অবহিতও করা হয়নি।

মাদ্রাসাগুলো হলো- এক. কাদেরিয়া তৈয়ারিয়া আলিয়া (কামিল) মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা। দুই. তানযীমুল উম্মাহ আলিম মাদ্রাসা, উত্তরা, ঢাকা। তিন. নূরে মোহাম্মাদিয়া (সা.) হাফিজিয়া আলিম মাদ্রাসা, ডেমরা, ঢাকা। চার. আমুলিয়া মেন্দিপুর ইসলামিয়া মাদ্রাসা, ডেমরা, ঢাকা। পাঁচ. হাফেজ আ. রাজ্জাক জামেয়া ইসলামিয়া মাদ্রাসা, আজিমপুর, ঢাকা।

এসব মাদ্রাসার অধ্যক্ষ বরাবর মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) মো. সাইফুল ইসলামের সই করা কারণ দর্শানোর চিঠিতে বলা হয়, জাতির পিতার শাহাদাতবার্ষিকী পালনের প্রস্তুতিমূলক সভায় অনুপস্থিত থাকা বেআইনি,

বিধিবহির্ভূত এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তথ্য সরকারি নির্দেশের চরম অবজ্ঞা ও অবহেলার শামিল।

এ অবস্থায়, সরকারি আদেশ অমান্য করে জাতীয় শোক দিবসের প্রস্তুতিমূলক সভায় অনুপস্থিত থাকার কারণে আপনার/আপনার মাদ্রাসার এমপিও স্থগিত এবং মাদ্রাসার স্বীকৃতি বাতিলসহ কেন অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, সে মর্মে তিনদিনের মধ্যে সন্তোষজনক ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

1
Shares